

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য অধিদপ্তর
মহাখালী, ঢাকা-১২১২।

স্মারক নং-স্বাঃঅঃ/পার-২/৩৬৯৪

তারিখঃ ১০/০৪/২০১৯ খ্রিঃ

প্রজ্ঞাপন

৩৭তম বিসিএস স্বাস্থ্য ক্যাডার কর্মকর্তাদের পদায়নকৃত কর্মস্থলে যোগদান ও কর্মসম্পাদনের বিষয়ে উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তাদের করণীয় সম্পর্কে দিকনির্দেশনা।

- গত ৭ এপ্রিল, ২০১৯ তারিখ ৩৭তম বিসিএস স্বাস্থ্য ক্যাডারের ৩০৬ জন কর্মকর্তা স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকায় যোগদান করেছেন।
- স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক আয়োজিত ০৭ থেকে ০৯ এপ্রিল, ২০১৯ তারিখ পর্যন্ত ০৩ (তিন) দিন ব্যাপী ব্যবস্থাপনা কর্মশালা তাঁরা সফল ভাবে সম্পন্ন করেছেন।
- দেশের প্রথিতযশা চিকিৎসক ও উচ্চ পর্যায়ের কর্মকর্তাগণ কর্মশালায় দেশের চিকিৎসা খাতে অর্জন, সমস্যা, চাকুরীবিধি সম্পর্কে জ্ঞানদান, অফিস ব্যবস্থাপনা, তথ্য ও আর্থিক ব্যবস্থাপনা, জনস্বাস্থ্য, জরুরী বিভাগ, বহিঃ ও অন্তঃবিভাগের চিকিৎসা প্রদান, রোগীদের সেবা, সামাজিক ও চিকিৎসক যোগাযোগ ইত্যাদি সকল বিষয় সম্পর্কে প্রশিক্ষণে মূল ধারণা দেওয়া হয়েছে।
- আগামী ১৩ এপ্রিল, ২০১৯ তারিখের মধ্যে নবনিয়োগকৃত কর্মকর্তাগণ স্ব-স্ব কর্মস্থলে যোগদান করবেন।
- যোগদানকৃত কর্মকর্তাগণকে সম্মানজনক ও আনন্দময় করার জন্য প্রয়োজনীয় আনুষ্ঠানিক ব্যবস্থা গ্রহণ করা।
- যোগদানকৃত কর্মকর্তাগণের আবাসনের ব্যবস্থা করা, কোয়াটার বা ডরমিটরীতে সুযোগ থাকলে তা পরিস্কার পরিচ্ছন্ন সুন্দর পরিপাটি করার ব্যবস্থা গ্রহণ করা।
- সরকারী কোয়াটারে সংস্থান না হলে পাবলিক বাসা ভাড়া করে দিতে সর্বাত্মক সহযোগিতা করা।
- উপজেলা স্বাস্থ্য বিভাগের সকল কর্মকর্তা/কর্মচারীদের সাথে তাদেরকে পরিচয় করিয়ে দেয়া।
- স্থানীয় মাননীয় সংসদ সদস্য, উপজেলা পরিষদের চেয়ারম্যানসহ নির্বাচিত প্রতিনিধি, রাজনৈতিক ব্যক্তি, সাংবাদিক ও গণ্যমান্য ব্যক্তিদের সাথে পর্যায়ক্রমে পরিচয় করে দেয়া।
- উপজেলা নির্বাহী কর্মকর্তা, থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা ও অন্যান্য বিভাগের কর্মকর্তাদের সহিত তাদের সুস্পর্কের ভিত্তিতে তৈরী করে দেয়া।
- সুষ্ঠু ও সুন্দরভাবে কর্মসম্পাদনের লক্ষ্যে মর্যাদাপূর্ণ ও আরামদায়ক বসার ব্যবস্থা করে দিয়ে রোগীদের পরীক্ষা ও চিকিৎসা সেবা দেয়ার সহায়তা করা।
- বহিঃ বিভাগে দৈনিক ঔষধ বরাদ্দ ও সরবরাহ বিষয়ে হিসাব হালনাগাদ রাখা।